

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩৭০৩

পর্ব-১৮: প্রশাসন ও বিচারকার্য (১ হাট্রা)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّانِيْ

আরবী

وَعَنْ عُقْبَةَ بْنِ عَامِرٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَدْخُلُ الْجَنَّةَ صَاحِبُ مَكْسٍ» : يَعْنِي الَّذِي يَعْشُرُ النَّاسَ. رَوَاهُ أَحْمد وَأَبُو دَاؤد والدارمي

বাংলা

৩৭০৩-[৪৩] 'উকবা ইবনু 'আমির (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কর আদায়কারী তথা অনৈতিকভাবে 'উশর ও যাকাত আদায়কারী জান্নাতে প্রবেশ করবে না। (আহমাদ, আবূ দাউদ ও দারিমী)[1]

ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ২৯৩৭, ইবনু মাজাহ ৩৭১৮, আহমাদ ১৭২৯৪, দারিমী ১৭০৮, য'ঈফ আল জামি' ৫৪৪৮, য'ঈফ আত্ তারগীব ৪৮০। কারণ এর সনদে মুহাম্মাদ বিন ইসহক একজন মুদাল্লিস রাবী।

ব্যাখ্যা

ব্যাখ্যা: অত্র হাদীসে صَاحِبُ مَكْس বলতে ঐ ব্যক্তিকে বুঝানো হয়েছে যে অন্যায়ভাবে লোকেদের থেকে 'উশর বা যাকাত আদায় করে।

নিহায়াহ্ গ্রন্থে এসেছে যে, ট্যাক্স বলতে ঐ অংশকে বুঝানো হয়েছে যে অংশটা আদায়কারী মানুষের থেকে গ্রহণ করা হয় আর তা 'উশর নামে পরিচিত মানুষের মাঝে।

শারহেস্ সুন্নাহ্ গ্রন্থে এসেছে যে, এর দ্বারা ঐ ব্যক্তিকে উদ্দেশ্য নিয়েছেন যে অতিক্রমকারী ব্যবসায়ী কাফেলার নিকট থেকে ট্যাক্স গ্রহণ করে 'উশর নামে। (মিরকাতুল মাফাতীহ)



হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ উকবাহ ইবনু আমির (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন